

৫০০৮০

তারবার্তা :

বাংলাব্যাংক

দুরালাপনী : ৭১২৬১০১-২০

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং-৩২৫

ঢাকা

ফরেন্স রিজার্ভ অ্যান্ড ট্রেজারী

ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

(পাবলিক ডেট শাখা)

সাকুলার নং এফআরটিএমডি(পিডিএস)০৪/২০০৪-২১

তারিখ : ২২/১২/২০০৪ খৃঃ

বাংলাদেশের তফসিলী ব্যাংকসমূহ ।

প্রিয় মহোদয়,

জাতীয় সঞ্চয় স্কীমসমূহে বিনিয়োগের উদ্ধৃতিসীমা এবং ব্যাংক ও ডাকঘরকে  
গুদেয় কমিশন /সার্ভিস চার্জ পুনঃনির্ধারণ প্রসঙ্গে ।

শিরোনামে বর্ণিত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, পরিকল্পনা কোষ এর  
২১/১২/২০০৪ তারিখের অম/অসবি/সঞ্চয়/এস-৩/৯৭(অংশ)/৩৩৮ নম্বর প্রজ্ঞাপন খানা আপনাদের অবগতি  
ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অপর পৃষ্ঠায় হুবহু মুদ্রিত হল । বিষয়টি আপনাদের আওতাধীন শাখাসমূহকে  
অবহিত করতেও অনুরোধ করা যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(নূর মুহাম্মদ হাওলাদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৭৫

(কপি)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
পরিকল্পনা কোষ

প্রজ্ঞাপন

নং অম/অসবি/সঞ্চয়/এস-৩/৯৭(অংশ)/৩৩৮
তারিখ : ০৭ -০৯-১৪১১

২১-১২-২০০৪

জাতীয় সঞ্চয় স্কীমসমূহে বিনিয়োগের উর্ধ্বসীমা নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হ'ল :-

| ক্রমিক নং | সঞ্চয় স্কীমের নাম                          | বিনিয়োগের উর্ধ্বসীমা                                                                                                                                                                                                              |
|-----------|---------------------------------------------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ০১।       | পাঁচ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র-       | একক নামে ২৫ লক্ষ টাকা এবং যুগ্ম-নামে ৫০ লক্ষ টাকা।<br>(তবে বিনিয়োগকৃত অর্থ মেয়াদান্তে প্রাপ্ত মুনাফাসহ সঞ্চয়পত্রের মূল্যমানের গুণিতক হারে পুনরায় বিনিয়োগ করা যাবে অর্থাৎ অর্জিত মুনাফার ক্ষেত্রে উর্ধ্বসীমা প্রযোজ্য হবে না)। |
| ০২।       | তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র-     | একক নামে ২৫ লক্ষ টাকা এবং যুগ্ম-নামে ৫০ লক্ষ টাকা।<br>(তবে বিনিয়োগকৃত অর্থ মেয়াদান্তে প্রাপ্ত মুনাফাসহ সঞ্চয়পত্রের মূল্যমানের গুণিতক হারে পুনরায় বিনিয়োগ করা যাবে অর্থাৎ অর্জিত মুনাফার ক্ষেত্রে উর্ধ্বসীমা প্রযোজ্য হবে না)। |
| ০৩।       | পেনশনার সঞ্চয়পত্র                          | একক নামে ২৫ লক্ষ টাকা।<br>(তবে বিনিয়োগকৃত অর্থ মেয়াদান্তে প্রাপ্ত মুনাফাসহ সঞ্চয়পত্রের মূল্যমানের গুণিতক হারে পুনরায় বিনিয়োগ করা যাবে অর্থাৎ অর্জিত মুনাফার ক্ষেত্রে উর্ধ্বসীমা প্রযোজ্য হবে না)।                             |
| ০৪।       | ডাকঘর সঞ্চয় ব্যাংক :<br>(ক) মেয়াদী হিসাব- | একক নামে ২৫ লক্ষ টাকা এবং যুগ্ম-নামে ৫০ লক্ষ টাকা।<br>(তবে বিনিয়োগকৃত অর্থ মেয়াদান্তে প্রাপ্ত মুনাফাসহ পুনরায় বিনিয়োগ করা যাবে অর্থাৎ অর্জিত মুনাফার ক্ষেত্রে উর্ধ্বসীমা প্রযোজ্য হবে না)।                                     |
|           | (খ) সাধারণ হিসাব-                           | একক নামে ২৫ লক্ষ টাকা এবং যুগ্ম-নামে ৫০ লক্ষ টাকা।<br>(তবে বিনিয়োগকৃত অর্থ মেয়াদান্তে প্রাপ্ত মুনাফাসহ পুনরায় বিনিয়োগ করা যাবে অর্থাৎ অর্জিত মুনাফার ক্ষেত্রে উর্ধ্বসীমা প্রযোজ্য হবে না)।                                     |

০২। সঞ্চয় স্কীম বাস্তবায়নের জন্য ব্যাংক এবং ডাকঘরের ডাকমাশুল,ব্যাংক ড্রাফট ও স্টেশনারী খরচ ইত্যাদি বিবেচনা করে সঞ্চয়পত্র বিক্রয় ও ডাকঘর সঞ্চয় ব্যাংকের মেয়াদী জমা উৎসাহিত করার নিমিত্ত সঞ্চয় স্কীমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংক ও ডাকঘরকে প্রদেয় কমিশন/সার্ভিস চার্জ এক ও অভিন্ন রেখে নিম্ন বর্ণিত হারে পুনঃ নির্ধারণ করা হ'ল :

|    |                                                  |       |
|----|--------------------------------------------------|-------|
| ১। | সঞ্চয়পত্রের মোট বিক্রয়ের উপর                   | ০.৫০% |
| ২। | ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাবের মোট জমার উপর | ০.৫০% |

০৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-  
(এন,কে, নিজামউদ্দিন চৌধুরী)  
সহকারী সচিব